

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০২৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইশার সালাতের পর আখেরাতের জন্য উপকারী নয় এমন বিষয়ে গল্প করার ব্যাপারে হুশিয়ারী সম্পর্কিত হাদীস

ذِكْنُ الْخَبَرِ الدَّالِّ عَنِ الزَّجْرِ عَنِ السَّمَرِ بَعْدَ الْعِشَاءِ الْآخِرَةِ الَّذِي يَكُونُ فِي غَيْرِ أسباب الآخرة

আরবী

2028 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ قَابِت عَنْ أَنسِ بْنِ مَالِكِ: أَنَّ أُسَيْدَ بْنَ حُضَيْدٍ وَرَجُلًا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ قَابِت عَنْ أَنسِ بْنِ مَالِكِ: أَنَّ أُسَيْدَ بْنَ حُضَيْدٍ وَرَجُلًا آخَرَ مِنَ الْأَنْصَارِ تحدَّثا عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةً حَتَّى ذَهَبَ مِنَ اللَّيْلِ سَاعَةٌ فِي لَيْلَةٍ شَدِيدَةِ الظُّلْمَةِ ثُمَّ خَرَجَا مِنْ عِنْدِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْقَلِبَانِ وَبِيدِ كُلِّ وَاحِدٍ مِنْهُمَا عَصَاهُ فَأَضَاءَتْ عَصًا أَحَدِهِمَا لَهُمَا حَتَّى مَشَيَا فِي ضَوْئِهَا حَتَّى وَلِيدِ كُلِّ وَاحِدٍ مِنْهُمَا عَصَاهُ فَأَضَاءَتْ عَصًا أَحَدِهِمَا لَهُمَا حَتَّى مَشَيَا فِي ضَوْئِها حَتَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْفِيهَا حَتَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَكُلُّ وَاحِدٍ مِنْهُمَا عَصَاهُ فَأَضَاءَتْ عَصًا أَحَدِهِمَا لَهُمَا حَتَّى مَشَيَا فِي ضَوْئِها حَتَّى اللَّهُ لَا الْطَرِيقُ أَضَاءَتْ بِالْآخَرِ عَصَاهُ فَمَشَى كُلُّ وَاحِدٍ منهما في ضَوئها حَتَى بلغ أهله.

الراوي: أُنَس بْن مَالِكِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2028 | خلاصة حكم المحدث: صحيح -

বাংলা

২০২৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "উসাইদ বিন হুযাইর ও আরেকজন আনসারী ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে অত্যন্ত অন্ধকার রাতে গল্প করছিলেন, এমনকি রাতের একটি বড় অংশ চলে যায়। তারপর তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছ থেকে যায়, এমন সময় তাদের প্রত্যেকের হাতে লাঠি ছিল। অতঃপর তাদের একজনের লাঠি তাদের দুইজনকে (অলৌকিকভাবে) আলোকিত করছিল, এমনকি তারা দুইজন সেই আলোই পথ চলছিল। তারপর যখন তাদের রাস্তা ভিন্ন হয়, তখন অপরজনকেও তার লাঠি আলো দিতে শুরু করে, ফলে তাদের প্রত্যেকেই সেই আলোয় তাদের বাড়ি পৌঁছেন!"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৩৭; সহীহ আল বুখারী: ৪৬৫; বাইহাকী, দালাইলুন নুবুওয়াত: ৬/৭৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২০২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন